# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৬. পায়খানার সময় কিভাবে সতর খুলবে

باب كَيْفَ التَّكَشُّفُ عِنْدَ الْحَاجَةِ

আরবী

حَدَّثَنَا زُهَيْرُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنِ الأَعْمَشِ، عَنْ رَجُلٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم كَانَ إِذَا أَرَادَ حَاجَةً لاَ يَرْفَعُ ثَوْبَهُ حَتَّى يَدْنُوَ مِنَ الأَرْضِ. قَالَ أَبُو دَاوُدَ: رَوَاهُ عَبْدُ السَّلاَمِ بْنُ حَرْبٍ عَنِ الأَعْمَشِ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ وَهُوَ ضَعِيفٌ

- صحيح

বাংলা

১৪। ইবনু ’উমার (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন পেশাব-পায়খানার ইচ্ছা করতেন, তিনি যমীনের নিকটবর্তী না হওয়া পর্যন্ত কাপড় উঠাতেন না।[1]

আবূ দাউদ বলেনঃ আবদুস সালাম আ’মাশ সূত্রে আনাস (রাঃ) হতে বর্ণনা করেন, তিনি দুর্বল।

সহীহ।

## English

Narrated Abdullah ibn Umar:

When the Prophet (ﷺ) wanted to relieve himself, he would not raise his garment, until he lowered himself near the ground.

Abu DAwud said: This tradition has been transmitted by 'Abd al-Salam b. Harb on the authority of al-A'mash from Anas b. Malik. This chain of narrators is weak (because A'mash's hearing tradition from Anas b. Malik is not established).

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পেশাব-পায়খানার সময় পর্দা করা, হাঃ ১৪) ‘আবদুস সালাম ইবনু হারব আল জিলানী সনদে আ‘মাশ থেকে আনাস সূত্রে। যেমন বলেছেন আবূ দাঊদ ... বর্ণনাটি দুর্বল। ইমাম তিরমিযী (১/২২) বলেন হাদীসটি বর্ণনা করেছেন ওয়াক‘ এবং আবূ ইয়াহইয়া অল হিমায়ী আ‘মাশ থেকে, তিনি বলেন, ইবনু উমার বলেছেন ... হাদীস। অতঃপর তিনি বলেন, উভয় হাদীসই মুরসাল। বলা হয়, আ‘মাশ হাদীসটি আনাস থেকে শুনেননি, এমন কি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কোনো সাহাবী থেকেও নয়। তবে তিনি আনাস ইবনু মালিককে লক্ষ্য করেছেন। তিনি বলেছেনঃ আমি তাকে সালাত আদায় করতে দেখেছি। অতঃপর তার সূত্রে সালাতের বর্ণনা উল্লেখ করেন। আবূ দাঊদে সনদে নাম উল্লেখহীন জনৈক ব্যক্তি রয়েছে। সুতরাং সানাদটি দুর্বল। তবে এর সানাদ দুর্বল হলেও হাদীসটি সহীহ, যেমনটি শায়খ আলবানী বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57332

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন